গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ৯ মার্চ ২০১৫, ২৫ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নৃশংসতা প্রতিরোধে নারী সমাজসহ সবাইকে এগিয়ে আসার আহ্বান প্রধানমন্ত্রীর
২। অবরোধ হরতালেও সামগ্রিক অর্থনীতি শক্তিশালী : সংসদে অর্থমন্ত্রী
৩। আগামী বাজেটে মূল্য সংযোজন কর-এ ছাড় পাচ্ছেন ক্ষুদ্র ব্যবসায়ীরা
৪। নির্ধারিত সময়ে প্রকল্প শেষ করতে পরিকল্পনামন্ত্রীর নির্দেশনা
৫। জঙ্গি মোকাবিলায় বিশেষায়িত ইউনিট হচ্ছে : সংসদে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী
৬। সংলাপের মধ্য দিয়েই গণতন্ত্র বিকশিত হয় : মার্কিন রাষ্ট্রদূত
৭। সীতাকুণ্ডে পাহাড়ে শিবিরের আস্তানা, বিপুল অস্ত্র উদ্ধার
: রাজধানীতে বিস্ফোরক ভর্তি বাইসাইকেল উদ্ধার
৮। রাজধানীর গুলশানের একটি ব্যাংক থেকে ৯০ কোটি টাকা জালিয়াতির চেষ্টা
: হাতেনাতে আটক ১১ প্রতারক
৯। ব্লগার অভিজিৎ রায়ের হত্যা মামলায় ডিবির তালিকায় ১০ সন্দেহভাজনের নাম
১০। ইলিশের উৎপাদন বৃদ্ধিতে উপকূলীয় ৮ জেলায় 'ইকো ফিশ' প্রকল্প
১১। বিশ্বকাপ ক্রিকেটে আজ জিতলেই কোয়ার্টার ফাইনালে বাংলাদেশ

চলমান পাতা/২

১। নৃশংসতা প্রতিরোধে নারী সমাজসহ সবাইকে এগিয়ে আসার আহ্বান প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, রাজনীতি হচ্ছে মানুষ ও তাদের কল্যাণের জন্য, রাজনীতি মানুষ পুড়িয়ে হত্যার জন্য নয়। এ জন্য তিনি এ ধরনের নৃশংসতার প্রতিবাদ ও প্রতিরোধে নারী সমাজসহ দেশের সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেছেন, এটা কোনোভাবেই সহ্য করা যায় না। বেগম খালেদা জিয়াকে তাঁর নির্মম ও নৃশংস কর্মকাণ্ডের শাস্তি পেতেই হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ৮ মার্চ রোববার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ব নারী দিবসের কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে ভাষণদানকালে এসব কথা বলেন। দিবসটির এ বছরের প্রতিপাদ্য হচ্ছে-'নারীর ক্ষমতায়ন : নারীর উন্নয়ন'। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.৩), প্রথম আলো (পৃ.২,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৪), নিউ নেশন (শেষ পৃ.,ক.৩)। নিউজ টুডে, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। অবরোধ হরতালেও সামগ্রিক অর্থনীতি শক্তিশালী : সংসদে অর্থমন্ত্রী

টানা অবরোধ-হরতাল সত্ত্বেও দেশের সামগ্রিক অর্থনীতি শক্তিশালী রয়েছে। রাজস্ব আদায়, রপ্তানি আয় ও রেমিট্যান্স বেড়েছে, কমেছে সরকারি ব্যয় ও মূল্যস্ফীতিও। বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নও বেড়েছে প্রায় ১০ শতাংশ; তবে আমদানি ব্যয় কিছুটা বেড়েছে। গতকাল ৮ মার্চ রোববার জাতীয় সংসদে চলতি ২০১৪-১৫ অর্থবছরে বাজেটের দ্বিতীয় প্রান্তিক (জুলাই-ডিসেম্বর) পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন তুলে ধরে এ তথ্য জানান অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩), নিউ নেশন (শেষ পৃ.,ক.২)।

৩। আগামী বাজেটে মূল্য সংযোজন কর-এ ছাড় পাচ্ছেন ক্ষুদ্র ব্যবসায়ীরা

এত দিন ক্ষুদ্র ব্যবসায়ী ও দোকানদারদের বার্ষিক লেনদেন (টার্নওভার) ২৪ লাখ টাকা হলেই তাদের মূল্য সংযোজন কর (মূসক) দিতে হতো। এই সীমা বাড়ছে। বার্ষিক লেনদেন ৩৬ লাখ টাকা হলেই কেবল মূসক দিতে হবে। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এতে সম্মত হয়েছেন। আগামী বাজেটে এটি সংশোধন করা হবে। সচিবালয়ে গতকাল ৮ মার্চ রোববার অর্থমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এমন তথ্য জানান ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি ফেডারেশনের (এফবিসিসিআই) সভাপতি কাজী আকরাম উদ্দিন আহমদ। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.৩), সংবাদ (শেষ পৃ.,ক.২), যুগান্তর (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)। ফিনানসিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। নির্ধারিত সময়ে প্রকল্প শেষ করতে পরিকল্পনামন্ত্রীর নির্দেশনা

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, নির্ধারিত সময়ে প্রকল্প শেষ হলে পরবর্তীতে পরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়নে গতি আসবে। এ জন্য নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়নে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। সরকার অর্থ অপচয় ঠেকাতে বদ্ধপরিকর। এ লক্ষ্যেই সব মন্ত্রণালয় ও বিভাগের প্লানিং উইংয়ের প্রধানদের নির্দেশনা দেওয়া হয়েছে। গতকাল ৮ মার্চ রোববার রাজধানীর শেরেবাংলা নগরের পরিকল্পনা কমিশনের এনইসি সম্মেলনকক্ষে সব মন্ত্রণালয়ের উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগের প্রধানদের সঙ্গে এক বৈঠকে শেষে সংবাদ সম্মেলনে তিনি এসব কথা জানান। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (পৃ.২,ক.১), সংবাদ (পৃ.১৪,ক.৩)।

৫। জঙ্গি মোকাবিলায় বিশেষায়িত ইউনিট হচ্ছে : সংসদে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী

নাশকতা রোধে স্পেশাল ফোর্স গঠনের পরিকল্পনা না থাকলেও জঙ্গিবাদ মোকাবিলায় বিশেষায়িত ইউনিট গঠনের পরিকল্পনার কথা জানিয়েছেন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান। গতকাল ৮ মার্চ রোববার জাতীয় সংসদে মন্ত্রীদের জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে অংশ নিয়ে তিনি এ তথ্য জানান। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.১), ইত্তেফাক (পৃ.২,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.২,ক.৩)।

৬। সংলাপের মধ্য দিয়েই গণতন্ত্র বিকশিত হয় : মার্কিন রাষ্ট্রদূত

ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্টিফেনস ব্লুম বার্নিকাট বলেছেন, রাজনৈতিক সংলাপের মধ্য দিয়েই গণতন্ত্র বিকশিত হতে পারে। গণতন্ত্রে মত প্রকাশের অধিকারও নিশ্চিত থাকা প্রয়োজন। গতকাল ৮ মার্চ রোববার সেগুনবাগিচায় মুক্তিযুদ্ধ জাদুঘরে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে তিনি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে ঢাকায় নিযুক্ত কনসাল জেনারেল আর্চার কে ব্লাড ও তাঁর ২০ সহকর্মীর সই করা ঐতিহাসিক ব্লাড টেলিগ্রাম-এর মুলকপি মুক্তিযুদ্ধ জাদুঘর কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৩)।

৭। সীতাকুণ্ডে পাহাড়ে শিবিরের আস্তানা, বিপুল অস্ত্র উদ্ধার

: রাজধানীতে বিস্ফোরক ভর্তি বাইসাইকেল উদ্ধার

চট্টগ্রামে তিনটি জঙ্গি আস্তানার পর এবার দুর্গম পাহাড়ে ছাত্রশিবিরের একটি গোপন আস্তানার সন্ধান পাওয়া গেছে। সেখানে পাহাড়ের ওপর কয়েকটি তাঁবুতে শিবিরের গোপন আস্তানা রয়েছে বলে পুলিশকে তথ্য দেয় বিএনপি ও শিবিরের ৩ কর্মী। এসব কর্মীকে গত ৭ মার্চ শনিবার সীতাকুণ্ডের বিভিন্ন স্থান থেকে আটক করা হয়। তাদের

দেওয়া তথ্য অনুযায়ী গতকাল ৮ মার্চ রোববার অভিযান চালিয়ে অস্ত্রসহ বিপুল পরিমাণ ককটেল-পেট্রোল বোমা উদ্ধার করে পুলিশ। এদিকে রাজধানীতে বিস্ফোরক ভর্তি বাইসাইকেল ও বিপুল পরিমাণ বিস্ফোরকসহ তিন সন্ত্রাসীকে গ্রেফতার করেছে র‌্যাব। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৩), ইনকিলাব (শেষ পৃ.,ক.৩), সংবাদ (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.১)। ভোরের কাগজ, জনকণ্ঠ, ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। রাজধানীর গুলশানের একটি ব্যাংক থেকে ৯০ কোটি টাকা জালিয়াতির চেষ্টা : হাতেনাতে আটক ১১ প্রতারক

রাজধানীর গুলশানের একটি ব্যাংক থেকে ভুয়া কাগজপত্র দিয়ে জালিয়াতির মাধ্যমে ৯০ কোটি টাকা তোলার চেষ্টার সময় ১১ প্রতারককে গ্রেফতার করেছে পুলিশ। গুলশান থানার পরিদর্শক (তদন্ত) ফিরোজ কবীর সাংবাদিকদের বলেন, গতকাল ৮ মার্চ রোববার বেলা ১টার দিকে ব্র্যাক ব্যাংকের গুলশান শাখায় এই জালিয়াতির চেষ্টা হয়। ব্যাংকটির শাখা ব্যবস্থাপক তাৎক্ষণিকভাবে বিষয়টি বুঝতে পেরে থানায় খবর দিলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের হাতেনাতে আটক করে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.৩)।

৯। ব্লগার অভিজিৎ রায়ের হত্যা মামলায় ডিবির তালিকায় ১০ সন্দেহভাজনের নাম

হিযবুত তাহরীর নেতা শফিউর রহমান ফারাবীসহ অন্তত ১০ জন বিভিন্ন সময়ে হত্যার হুমকি দিয়েছিলেন বিজ্ঞানমনস্ক লেখক ও ব্লগার অভিজিৎ রায়কে। অভিজিৎ রায় হত্যার সন্দেহভাজনদের তালিকা তৈরি করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। হত্যাকাণ্ডের তালিকায় ১০ জনের নাম উল্লেখ করা হয়েছে। এ হত্যা মামলায় গ্রেফতার হওয়া প্রধান আসামি শফিউর রহমান ফারাবীকে জিজ্ঞাসাবাদে পাওয়া তথ্যের ভিত্তিতে হত্যাকারীদের তালিকা তৈরি করা হয়েছে। সন্দেহভাজন হত্যকারীদের তালিকা অনুযায়ী গ্রেফতার অভিযান পরিচালনা করা হচ্ছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩)।

১০। ইলিশের উৎপাদন বৃদ্ধিতে উপকূলীয় ৮ জেলায় 'ইকো ফিশ' প্রকল্প

ইলিশের উৎপাদন বৃদ্ধিতে প্রতি বছর ১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা নিধন নিষেধাজ্ঞাকালীন উপকূলীয় আট জেলার জেলেদের 'ইকো ফিশ' বিকল্প কর্মসংস্থান সৃষ্টি করতে যাচ্ছে মৎস্য অধিদপ্তর। এজন্য ৯০ কোটি টাকা ব্যয়ে পাঁচ বছর মেয়াদি উপকূলীয় মৎস্য রক্ষা প্রকল্প নামে নতুন এ 'ইকো ফিস' প্রকল্প শুরু করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে মৎস্য অধিদপ্তরকে আর্থিক ও প্রযুক্তিগত সহায়তা দেবে 'ওয়ার্ল্ড ফিশ' নামক একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান। গত ১ মার্চ থেকে জেলা পর্যায়ে প্রকল্পের দাপ্তরিক কার্যক্রম শুরু হয়েছে। সূত্র-সমকাল (পৃ.১৯, ক.২)।

১১। বিশ্বকাপ ক্রিকেটে আজ জিতলেই কোয়ার্টার ফাইনালে বাংলাদেশ

২০০৭ বিশ্বকাপে প্রথমবারের মতো সুপার এইটে উঠেছিল বাংলাদেশ। আজ ৯ মার্চ সোমবার ইংল্যান্ডের বাধা টপকাতে পারলেই পুল 'এ' থেকে নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, শ্রীলঙ্কার সঙ্গে চতুর্থ দল হিসেবে ২০১৫ বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে উঠে যাবে বাংলাদেশ। সূত্র-আমাদের সময় (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.৪)। সমকাল, ইত্তেফাক, ডেইলি স্টার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ : শিশু আইন, শিশুনীতি ও জাতিসংঘের শিশু অধিকার সনদে ১৮ বছরে কম বয়সীদের শিশু হিসেবে উল্লেখ করা সনদে সাক্ষরকারী দেশ হিসেবে বাংলাদেশে মেয়েদের বিয়ের বয়স ১৬ বছর করার উদ্যোগ থেকে সরকার সরে আসবে এ প্রত্যাশা ব্যক্ত;

খ. ইত্তেফাক : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সেশন জট নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : গত ১৭ বছরে রাজধানীসহ সারাদেশে কমপক্ষে ১৭ জন সাংবাদিক খুন হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এর জন্য দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি;

ঘ. সংবাদ : অভিজিৎ রায় হত্যাকাণ্ডের জন্য এফবিআইয়ের প্রতিনিধিদলের তদন্তে স্থানীয় গোয়েন্দা সংস্থার সহযোগিতা কামনা;

ঙ. সমকাল : চট্টগ্রামে লাইসেন্সবিহীন অর্ধশত বেসরকারি চক্ষু হাসপাতালের বিরুদ্ধে জরুরিভিত্তিতে আইনানুগ ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

চ. ডেইলি স্টার : দারিদ্র্যবিমোচনের লক্ষ্যে ভিজিডি, ভিজিএফ এবং ইজিপিপির মতো খাতগুলোতে সমন্বয়ের মাধ্যমে অডিটিং করা হলে দারিদ্র্যবিমোচনের লক্ষ্যমাত্রা সুবিধা বাড়বে বলে অভিমত;

ছ. ইন্ডিপেনডেন্ট : অবরোধ-হরতালের সময় ভূমি অফিসে হামলা প্রতিহত করতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি সান, ইনকিলাব : সোয়াইন ফ্লু প্রতিরোধে দেশের সব আন্তর্জাতিক বিমানবন্দর ও স্থল বন্দরগুলোতে জরুরিভিত্তিতে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ;

ঝ. নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট : কর্মক্ষেত্রে নারী-পুরুষের মধ্যে মজুরি বৈষম্য দূর করার ব্যবস্থা গ্রহণের

আহ্বান;

ঞ. নিউ নেশন : পাবনা জেলার দুটি হাসপাতাল ও নয়টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যন্ত্রপাতি ক্রয়ের জন্য ভুয়া টেন্ডারের মাধ্যমে শত কোটি টাকা আত্মসাতের প্রচেষ্টায় জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ট. ফিনানসিয়াল এক্সপ্রেস : সরকারি-বেসরকারি উভয় হাসপাতালে হার্টের রোগীদের চিকিৎসায় মাত্রাতিরিক্ত চার্জ আদায়ের বিরুদ্ধে ওষুধ প্রশাসনকে আরো সতর্কতামূলক আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে  সরকার ও বিএনপি উভয়পক্ষ জরুরিভিত্তিতে দেশের চলমান সংকট নিরসনের উদ্যোগ না দিলে রাজনৈতিক সংকট দেশকে চরম অস্থিতিশীল করে দিতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'নারীর চ্যালেঞ্জ ও নারীর সম্ভাবনা' শিরোনামের নিবন্ধে জন কেরি সারা বিশ্বের নারী ও কন্যাদের অধিকার রক্ষায় চলমান সংগ্রামে একাত্ম হয়ে সকলে কাজ করার মাধ্যমে সার্বিক সুস্থ ও সৃজনশীল জীবন কাটাতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা